

**২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ**

গত ১৭/০১/২০২৫ খ্রি. তারিখে ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' (বিএমএডভিসি) কর্তৃক প্রণীত নীতিমালার শর্তানুযায়ী ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর ও এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে প্রাপ্ত নম্বর যোগ করে অর্জিত স্কোরের ভিত্তিতে মেধা ও পছন্দক্রম অনুযায়ী ৫৩৭২ জন পরীক্ষার্থীদের ৩৭টি সরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত করা হলো। পার্বত্য অঞ্চল ব্যতীত দেশের সমতল অঞ্চলের উপজাতীয় কোটার (কোড নং ৭৭) শিক্ষার্থীদের তালিকা কোটার স্বপক্ষে সনদ/প্রমানকসমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক যাচাইয়াস্তে পরবর্তিতে প্রকাশ করা হবে।

নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সীমা আগামী ০২/০২/২০২৫ খ্রি. হতে ০৮/০২/২০২৫ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত স্থানীয় ভর্তি কমিটি ও মেডিকেল বোর্ড যথাক্রমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মূল সনদপত্রসমূহ যাচাই করবেন এবং স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করবেন। শিক্ষার্থীগণ ভর্তির পর আবেদনের প্রেক্ষিতে নিয়মানুযায়ী সর্বোচ্চ তিনবার মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে। আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির স্বপক্ষে পরীক্ষার্থী কর্তৃক প্রমাণক প্রদানে ব্যর্থ হলে বা প্রদানকৃত তথ্য অসত্য বলে প্রমানিত হলে যে কোনো সময় তার ভর্তি বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভর্তি পরীক্ষার ফল স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট [www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট [www.dgme.gov.bd](http://www.dgme.gov.bd), স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) ও টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট <http://dgme.teletalk.com.bd> হতে জানা যাবে। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের টেলিটকের ০১৫৫০১৫৫৫৫ নম্বর থেকে SMS এর মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানানো হবে। এ ছাড়া ভর্তি সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষের দপ্তর থেকে জানা যাবে।

**ভর্তি পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণ:**

আগামী ২১/০১/২০২৫ খ্রি. হতে ২৫/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ১০০০/- (একহাজার) টাকা (অফেরতযোগ্য) টেলিটক SMS এর মাধ্যমে জমা দিয়ে পরীক্ষার ফল পুনঃনিরীক্ষার জন্য আবেদন (Submit) করা যাবে। পুনঃনিরীক্ষার ফল আবেদনকারীকে যথাসময়ে জানানো হবে। এ ব্যাপারে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক গঠিত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ভর্তি পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণ পদ্ধতি: টেলিটকের যে কোন প্রিপেইড মোবাইল থেকে SMS করতে হবে।

১ম SMS: DGME<Space>RSC<Space>Roll No. লিখে পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে। (যেমন DGME < Space >RSC< Space >1116000) ফিরতি Message এ একটি PIN নম্বর আসবে।

২য় SMS: ফি প্রদানের জন্য প্রাপ্ত PIN নম্বর দিয়ে SMS করতে হবে DGME< Space >RSC< Space >YES< Space >PIN এবং পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে "(যেমন: DGME< Space >RSC< Space >YES< Space >12345678)" ফিরতি SMS-এ ফি জমা বাবদ একটি প্রাপ্তি স্বীকার SMS পাওয়া যাবে।

**সংরক্ষিত আসনের প্রার্থীদের সনদপত্রসহ প্রমানকসমূহ যাচাই:**

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালার ৯.৩ নং অনুচ্ছেদে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরগুণার সন্তান এবং পশ্চাৎপদ জনগোষ্ঠীর কোটার আসনে নির্বাচিত প্রার্থীদের তালিকা কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই বাছাইপূর্বক অনুমোদনক্রমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে বলে উল্লেখ রয়েছে। তদপ্রেক্ষিতে আগামী ২৩/০১/২০২৫ ও ২৬/০১/২০২৫ খ্রি. তারিখে পশ্চাৎপদ জনগোষ্ঠীর কোটার নির্বাচিত প্রার্থীদের এবং ২৭/০১/২০২৫, ২৮/০১/২০২৫ ও ২৯/০১/২০২৫ খ্রি. তারিখে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরগুণার সন্তানদের জন্য সংরক্ষিত আসনে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কোটার স্বপক্ষে সনদ/প্রমাণকসহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে (মহাখালীস্থ স্বাস্থ্য অধিদপ্তরের পুরাতন ভবনের ২য় তলায়) উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। যাচাই বাছাইয়াস্তে দাখিলকৃত তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

**ভর্তির সময় নিম্নলিখিত কাগজ পত্র প্রয়োজন হবে:**

- ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
- এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র।
- এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র ও প্রশংসা পত্র।
- স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্র।
- চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
- মুক্তিযোদ্ধা কোটার মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি: এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
- পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।

বেসরকারী মেডিকেল কলেজে ভর্তির বিষয়ে পরবর্তীতে বিজ্ঞপ্তি দেওয়া হবে।

প্রকাশিত ফলাফলের উপর বিধিসম্মত যে কোন পরিবর্তন কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।

Rubina Yasmin

অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন 19.01.25

অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

ও সদস্য সচিব

২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি কমিটি

ফোনঃ-৪৮৮১১২০০

Email: medicatedu313@gmail.com